গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৯.২০.২২৬ তারিখ: ২৫ আষাঢ় ১৪২৭
০৯ জুলাই ২০২০

বিষয়: **মহামান্য হাইকোর্টের রিট মামলা নং-৩২১১/২০১৯ এর রায়ের আলোকে ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন ইছালী মডেল কলেজের নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আহম্মদ আলী এবং কম্পিউটার অপারেশন বিষয়ের প্রভাষক জনাব মোছা: শাহিন আক্তার নিয়োগ প্রাপ্তির পর যোগদানের সময়ে কতিপয় দুষ্কৃতকারী বাধার সৃষ্টি করলে তারা আদালতের আশ্রয় নেন। তার প্রেক্ষিতে নিম্ন আদালত সমাধান পূর্ব পর্যন্ত সকল ধরণের নিয়োগের উপরে স্থগিতাদেশ দেন। আদালতের এই আদেশ অমান্য করে অবৈধ প্রক্রিয়ায় বিবাদী পক্ষ অধ্যক্ষ পদে পুনরায় নিয়োগ দিলে আদালত উভয় পক্ষের শুনানী পূর্বক বিবাদী পক্ষের অধ্যক্ষ সহ সকল অবৈধ নিয়োগ বাতিল ঘোষণা করেন। সর্বশেষ মহামান্য হাইকোর্ট উক্ত কলেজের অধ্যক্ষ, প্রভাষক, এবং কম্পিউটার অপারেশন পদে বেতন বন্ধের আদেশ দেন। যার সিভিল অর্ডার নং-৩২১১/২০১৯। এর পরেও অবৈধ নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ বেতন ছাড় করণের জন্য অনলাইনে আবেদন করেন। আবেদনকারীদ্বয় মানবিক দিক বিবেচনায় মহামান্য হাইকোর্টের রায় বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।

**অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত:** "জনাব আহম্মদ আলীর গত ২৬/০৬/২০২০ তারিখের আবেদন এবং নথিতে প্রাপ্ত মামলা সংক্রান্ত দাখিলকৃত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, ইছালী মডেল কলেজ (পূর্ব নাম: ফটিক মোল্লা মডেল কলেজ), যশোর- এ অধ্যক্ষ এবং বিভিন্ন বিষয়ে প্রভাষক পদে নিয়োগ দেয়া হবে, যা গত ২৭/১০/২০০৯ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির বিরুদ্ধে জনাব আহম্মদ আলী গং বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, যশোর- এ দেওয়ানী মোকদ্দমা নং- ২২৯/২০০৯ দায়ের করেন। উক্ত মোকদ্দমায় বিগত ১৩/১১/২০১২ তারিখের আদেশে শিক্ষক নিয়োগের কার্যক্রমের বিষয়ে বিবাদীগণের প্রতি স্থিতাবস্থার আদেশ দেন এবং তফসীল অনুযায়ী শিক্ষক নিয়োগের কার্যক্রম করা হতে ১-৩ নং বিবাদীদের বারিত করেন। পরবর্তীতে উক্ত মামলায় বিগত ২৫/০৪/২০১৯ তারিখের আদেশে মাননীয় আদালত অধ্যক্ষ এবং প্রভাষক পদে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত যেন সরকারী বেতন-ভাতা উত্তোলন করতে না পারে, সেই মর্মে ১-৫ নং বিবাদীগণ-কে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেন। একই সাথে বিবাদী নং ২ এর জবাব সংশোধন করার দাখিলকৃত আবেদন খারিজ করে দেন।

গত ২৫/০৪/২০১৯ তারিখের অন্তবর্তীকালীন আদেশের বিরুদ্ধে জনাব নূরে আলম গং বিজ্ঞ জেলা জজ আদালত, যশোর-এ সিভিল রিভিশন নং- ১৫/২০১৯ মামলা দায়ের করেন। উক্ত সিভিল রিভিশন মামলায় বিগত ১৮/০৯/২০১৯ তারিখের রায় ও আদেশে বিজ্ঞ নিম্ন আদালতে গত ২৫/০৪/২০১৯ তারিখে আদেশ রহিত করেন।

বিজ্ঞ জেলা জজ আদালতে সিভিল রিভিশন নং- ১৫/২০১৯ এর গত ২৫/০৪/২০১৯ তারিখের রায় ও আদেশের বিরুদ্ধে জনাব আহম্মদ আলী গং মহামান্য হাইকোর্ট বিভাগে সিভিলঅর্ডার নং- ৩২১১/২০১৯ দায়ের করলে উক্ত মামলারগত ১১/১১/২০১৯ তারিখের রায় ও আদেশে মহামান্য হাইকোর্ট বিভাগ বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালতের অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞা বহাল রেখে বিজ্ঞ সহকারী জজ আদালত-কে ৬ (ছয়) মাসের মধ্যে দেওয়ানী মোকদ্দমাটি নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করেন। সে মতে মামলাটি নিম্ন আদালতে শুনানী চলছে।

ইতোমধ্যে মামলার বিষয়াদি গোপন করে বিজ্ঞ আদালত ও মহামান্য হাইকোট বিভাগে নিষেধাজ্ঞা বহাল থাকা অবস্থায় নিয়োগ প্রাপ্ত হয় এবং এমপিওভুক্ত হয়ে থাকলে তা মহামান্য হাইকোর্ট বিভাগে সিভিল অর্ডার নং- ৩২১১/২০১৯ এর আদেশ অনুসারে অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞা বহাল থাকায় এমপিওভুক্তি স্থগিত থাকবে এবং বেতন ভাতার সরকারি অংশ বর্তমান অবস্থায় উত্তোলন করতে পারবে না। মূল মামলা নিষ্পত্তি সাপেক্ষে নিয়োগ ও এমপিওভুক্তি বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**আইন শাখার মতামত:** যেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগে সিভিল অর্ডার নং- ৩২১১/২০১৯ এ প্রদত্ত অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞা অনুযায়ী বিজ্ঞ নিম্ন আদালতে মূল দেওয়ানী মোকদ্দমাটি বিচারাধীন থাকায় বর্ণিত মামলাসমূহের রায় ও আদেশ অনুযায়ী গত ২৭/১০/২০০৯ তারিখের বিজ্ঞপ্তিতে নিয়োগকৃত অধ্যক্ষ এবং প্রভাষকগণের এমপিওভুক্তি বা বেতন ছাড়করণ করা যাবে না। যদি ইতোমধ্যে এমপিওভুক্ত করা হয়ে থাকে তবে আদালতের নির্দেশনার আলোকে তাদের বেতন-ভাতাদি মূল দেওয়ানী মোকদ্দমাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত থাকব।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত এবং আইন শাখার অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯-৭-২০২০
মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
২) অধ্যক্ষ, ইছালী মডেল কলেজ, সদর, যশোর

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৯.২০.২২৬/১(৫)

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৭
০৯ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সভাপতি, পরিচালনা পরিষদ, ইছালী মডেল কলেজ, সদর, যশোর
২) শিক্ষা অফিসার-১, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, যশোর
৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (পত্রটি মাউশির ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
৫) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

৯-৭-২০২০
মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক